গাংনীতে সড়ক দুর্ঘটনায় বিএনপি নেতা ও সাবেক ইউপি চেয়ারম্যান আহত

মেহেরপুরের গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক ইউপি চেয়ারম্যান সিরাজুল ইসলাম (৫৬) সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত হয়েছেন।

আজ বৃহস্পতিবার (৩০ মে) দুপুরের দিকে মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের গাংনী উপজেলার বাওট বীরমুক্তিযোদ্ধা আব্দুল গণি কলেজের সামনে এই দুর্ঘটনা ঘটে।

আজত সিরাজুল ইসলামকে স্থানীয়রা উদ্ধার করে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ও পরে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাহারবাটি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেন, বিএনপি নেতা ও চেয়ারম্যান সিরাজুল ইসলাম মোটরসাইকেল যোগে বাওট বাজার থেকে আকুবপুরের দিকে যাচ্ছিলেন। বাওট কলেজের সামনে পৌছানো মাত্রই বিপরীত দিক থেকে আসা ইঞ্জিনচালিত পাখি ভ্যানের চাকা খুলে এসে মোটরসাইকেলের সাথে ধাক্কা লাগে। এতে সিরাজুল ইসলাম রাস্তার উপর পড়ে গুরুতর আহত হন। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেন। সেখানে তার অবস্থার অবনতি হওয়ায় কর্তব্যরত চিকিৎসক কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

চিকিৎসকের উদ্ধৃতি দিয়ে তিনি বলেন, তার বুকের কলার বোন ভেঙ্গে গেছে এবং শরীরের বিভিন্ন স্থানে জখম হয়েছে।

উপজেলা নির্বাচনে অংশগ্রহণ করায় বিএনপি নেতা ভুট্টো বহিষ্কার

দলীয় সিদ্ধান্ত অমান্য করে উপজেলা পরিষদ নির্বাচনে অংশ করায় মেহেরপুর জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো কে বহিষ্কার করেছে দল।

আজ শনিবার (৪ মে) দলের সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী স্বাক্ষরিত চিঠিতে তাদের বহিষ্কারের কথা জানানো হয় বলে মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন জানিয়েছেন।

চিঠিতে বলা হয়, দলীয় সিদ্ধান্ত অমান্য করে আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনে অংশগ্রহণের সুনির্দিষ্ট অভিযোগের প্রেক্ষিতে দলীয় গঠনতন্ত্র মোতাবেক বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) প্রাথমিক সদস্য পদসহ সকল পর্যায়ের পদ থেকে আপনাকে নির্দেশক্রমে বহিষ্কার করা হলো। এই সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হবে।

দল থেকে বহিষ্কার প্রসঙ্গে গাংনী উপজেলা পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদপ্রার্থী মেহেরপুর জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো বলেন, আমি এ বিষয়ে জেনেছি। এখনো কোনো চিঠি হাতে পাইনি। তবে এসব বিষয় মাথায় নিয়েই তো আমি নির্বাচনে নেমেছি।

দর্শনায় বিএনপি নেতা নাহারুল মাষ্টার গ্রেফতার

দর্শনায় বিএনপি নেতা নাহারুল ইসলাম ওরফে নাহারুল মাষ্টার(৪৬) কে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

আজ শনিবার দুপুর ২ টার দিকে দর্শনা পুরাতন বাজার মোড় থেকে তাকে

গ্রেফতার করা হয়। সে বাংলাদেশ জাতীয়তাবাদি দল (বিএনপি) দর্শনা পৌর শাখার সাবেক সাংগঠনিক সম্পাদক ও পৌর এলাকার পরানপুর গ্রামের মৃত শামছুদ্দিনের ছেলে।

দর্শনা থানার অফিসার ইনচার্জ ইন্সপেক্টর (ওসি) বিপ্লব কুমার সাহা জানান, পুরাতন নাশকতা মামলায় দর্শনা পরানপুর গ্রামের নাহারুল ইসলামকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃতকে গতকার শনিবার বিকালে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে পুলিশ।

বামন্দী ইউনিয়নের সাবেক চেয়ারম্যান বিএনপি নেতা আওয়াল বিশ্বাস গ্রেফতার

গাংনীর বামন্দী মাদ্রাসায় বোমা উদ্ধারের ঘটনায় বামন্দী ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও জেলা বিএনপির যুগ্ন সাধারন সম্পাদক আঃ আওয়াল বিশ্বাস কে গ্রেফতার করা হয়েছে।

সোমবার রাত ৮টার দিকে বামন্দী বাসস্ট্যান্ড এলাকা থেকে গ্রেফতার করে বামন্দী পুলিশ ক্যাম্প।

বামন্দী পুলিশ ক্যাম্প ইনচার্জ এস আই ইসরাফিল হোসেন জানান, গোপন সংবাদের ভিত্তিতে বামন্দী বাসস্ট্যান্ড এলাকায় সঙ্গীয় সদস্যদের নিয়ে অভিযান চালিয়ে বামন্দী ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও বিএনপি নেতা আঃ আওয়াল বিশ^◌াসকে গ্রেফতার করা হয়েছে।

গত ১০ ফেব্রুয়ারী শুক্রবার গাংনী উপজেলার বামন্দী দাখিল মাদ্রাসায় বোমা বিস্ফোরন ও উদ্ধারের ঘটনায় জড়িত সন্দেহে তাকে গ্রেফতার করা হয়েছে। তাকে আদালতের মাধ্যমে কারাগারে প্রেরন করা হবে।

ঝিনাইদহে বিএনপি নেতা মশিউর রহমানের রাষ্ট্রিয় মর্যাদায় দাফন

বিএনপি চেয়ারপার্সনের উপদেষ্টা ও ঝিনাইদহ-২ আসনের সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মোঃ মশিউর রহমানের মৃতদেহ রাষ্ট্রিয় মর্যাদায় দাফন করা হয়েছে।

বুধবার ঝিনাইদহ সরকারী বালক উচ্চ বিদ্যালয় মাঠ ও হরিণাকুন্ডু উপজেলার মনিরুদ্দীন বিশ্বাস মাধ্যমিক বিদ্যালয় মাঠে দু’দফা জানাজা শেষে বিকালে কন্যাদহ গ্রামের পারিবারিক গোরস্থানে তাকে দাফন করা হয়।

বুধবার বেলা ১১টার দিকে ঝিনাইদহ জেলা প্রশাসন ও পুলিশের পক্ষে গার্ড অব অনার প্রদান করা হয়। এ সময় বিউগলে বেঁজে ওঠে করুন সুর। ঝিনাইদহ শহরে অনুষ্ঠিত জানাজার নামাজে ইমামতি করেন কোটচাঁদপুর আলীয়া মাদ্রাসার অধ্যক্ষ বাহারুল ইসলাম। বুধবার সকাল থেকে জানাজায় শরীক হতে ঝিনাইদহের বিভিন্ন প্রান্ত থেকে বিএনপি নেতাকর্মী ছাড়াও হাজার হাজার সাধারণ মানুষ ঝিনাইদহ সরকারী বালক উচ্চ বিদ্যালয় মাঠে আসতে থাকেন। শুধু ঝিনাইদহ নয়, আশপাশ জেলা থেকেও বিএনপির জৈষ্ঠ এই নেতার প্রতি শেষ শ্রদ্ধা জানাতে মানুষ জানাজা স্থলে ছুটে আসেন।

ফলে বেলা ১১টার মধ্যে সরকারী বালক উচ্চ বিদ্যালয়ের বিশাল মাঠ কানায় কানায় পুর্ন হয়ে যায়। জানাজায় অংশ নেয়া অনেকের এ সময় বলতে শোনা যায় মশিউর রহমান যে সত্যিকারের একজন জননেতা ছিলেন, তা মৃত্যুর পরও প্রমান করে দিলেন। জানাজা শুরুর আগে মশিউর রহমানের বর্নাঢ্য রাজনৈতিক জীবনের স্মৃতিচারণ করে বক্তব্য রাখেন তার বাল্যবন্ধু ঝিনাইদহ জেলা আওয়ামীলীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী প্রবিণ রাজনীতিবিদ আব্দুল হাই এমপি।

এছাড়া বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারপার্সন তারেক রহমানের পক্ষে দলের কেন্দ্রীয় ভাইস চেয়ারম্যান মোহাম্মদ শাহজাহান, কেন্দ্রীয় নেতা

নিতাই রায় চৌধুরী, খায়রুল কবীর খোকন, আজিজুল বারী হেলাল, অনিন্দ্য ইসলাম অমিত, এ্যাড আসাদুজ্জামান আসাদ, জয়ন্ত কুমার কুন্ডু, আমিরুজ্জামান খান শিমুল, সাইফুল ইসলাম ফিরোজ, রফিকুল ইসলাম বকুল, কুষ্টিয়ার সাবেক এমপি সৈয়দ মেহেদী হাসান রুমি, অধ্যক্ষ সোহরাব উদ্দীন, যশোরের সাবেরুল হক সাবু, মাগুরার মনিরুল ইসলাম, খুলনার সফিকুল ইসলাম মনা, আকতার হোসেন, শফিকুল ইসলাম তুহিন, আলী আহম্মেদ, তোজাম্মেল হোসেন, সাবেক এমপি আব্দুল ওহাব, মশিউর রহমানের বেয়াই খুলানার সাবেক মেয়র আব্দুল গাফ্ফার বিশ্বাস, ঝিনাইদহ জেলা পরিষদের চেয়ারম্যান হারুন অর রশিদ, ঝিনাইদহ পৌরসভার মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল, হরিণাকুন্ডু উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসেনসহ আওয়ামী লীগ, বিএনপি, জাতীয় পার্টি, জামায়াতে ইসলামী বাংলাদেশের জেলা ও উপজেলা পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

জানাজা অনুষ্ঠানে ঝিনাইদহ জেলা আওয়ামীলীগের সভাপতি আব্দুল হাই এমপি তার বক্তব্যে বলেন, বন্ধু মশিউরের সঙ্গে আমার রাজনৈতিক মতপার্থক্য থাকলেও কোন বিরোধ ছিল না। সে আমার একজন খাটি বন্ধু ছিল। তার ধ্যানজ্ঞান ছিল ঝিনাইদহের উন্নয়ন। রনাঙ্গনে তার সঙ্গে যুদ্ধ করে দেশ স্বাধীন করেছি। তার মৃত্যুতে ঝিনাইদহ তথা দেশবাসি একটি সত্যিকারের দেশ প্রেমকিকে হারালো।

উল্লেখ্য ঝিনাইদহ উন্নয়নের কারগির খ্যাত বিএনপির এই বর্ষিয়ান নেতা মঙ্গলবার বেলা ১১টার দিকে ঝিনাইদহ শহরের গীতাঞ্জলী সড়কে উন্তেকাল করেন। তার মৃত্যুতে শোকে স্তব্ধ হয়ে যায় ঝিনাইদহ ও হরিণাকুন্ডুবাসী। এই দুই উপজেলাসহ ঝিনাইদহ গণমানুষের মাঝে শোকের ছায়া নেমে আসে।